৪৮ ২১

আজকের কাগজ

তারিখ 16 APR 1993
পৃষ্ঠা ৮ কলাম ৪

# শিক্ষামন্ত্রী আন্তর্জাতিক জনসংখ্যা শিক্ষা কমিশনের চেয়ারম্যান নির্বাচিত

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার তুরস্কের ইস্তাম্বুলে অনুষ্ঠানরত 'জনসংখ্যা শিক্ষা ও উন্নয়ন' শীর্ষক আন্তর্জাতিক কংগ্রেসে কমিশনের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন।

এ কমিশন জনসংখ্যা শিক্ষা ক্ষেত্রে কর্মসূচি ও কর্মপন্থা নির্ধারণ, প্রয়োজনীয় সুযোগ-সুবিধা এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতার সমস্যা নিয়ে কাজ করবে। কমিশন জনসংখ্যা শিক্ষার উন্নয়নের লক্ষ্যে সদস্যভুক্ত দেশগুলোর সরকার, আন্তর্জাতিক সংস্থা ও দাতা সংস্থাগুলোর জন্যে নীতিমালা ও রেফারেন্স তৈরির জন্যে আলোচনার ব্যবস্থা করবে।

এছাড়া এ কমিশন আগামী একবিংশ শতাব্দীর জন্যে শিক্ষা সংক্রান্ত আন্তর্জাতিক কমিশনের কাজেও অবদান রাখবে।

উল্লেখ্য যে, "জনসংখ্যা শিক্ষা ও উন্নয়ন" বিষয়ক এ কংগ্রেস ইউনেস্কো ও ইউএনএফপিএ-এর যৌথ উদ্যোগে গত ১৪ এপ্রিল শুরু হয়েছে। শিক্ষামন্ত্রী এ কংগ্রেসে বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন। খবর তথ্য বিবরণী।